

আজকের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্স - ২৮ নভেম্বর ২০২৫ | Bengali Current Affairs Today - 28 November 2025

প্রতিযোগিতামূলক পরীক্ষার প্রস্তুতির জন্য ২৮ নভেম্বর ২০২৫ তারিখের গুরুত্বপূর্ণ কারেন্ট অ্যাফেয়ার্সগুলি সহজ এবং স্পষ্ট ভাষায় নিচে উপস্থাপন করা হলো। এই পোস্টে দিনের প্রধান ঘটনা, তথ্য এবং বিভিন্ন ক্ষেত্রের গুরুত্বপূর্ণ খবরাখবর বিস্তারিতভাবে আলোচনা করা হয়েছে।

আজকের বাংলা কারেন্ট অ্যাফেয়ার্স

১. সূর্য কিরণ অনুশীলন ২০২৫ (Exercise Surya Kiran 2025)

ভারত ও নেপালের সেনাবাহিনীর মধ্যে যৌথ সামরিক অনুশীলন 'সূর্য কিরণ'-এর ১৯তম সংস্করণ আয়োজিত হচ্ছে।

- স্থান: পিথোরাগড়, উত্তরাখণ্ড।
- সময়কাল: ২৫ নভেম্বর থেকে ৮ ডিসেম্বর ২০২৫ পর্যন্ত।
- উদ্দেশ্য: দুই দেশের সেনাবাহিনীর মধ্যে পারস্পরিক সহযোগিতা (Cooperation) এবং সমন্বয় (Coordination) বৃদ্ধি করা। ভবিষ্যতে যৌথ অভিযান পরিচালনার জন্য এই অনুশীলন অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- বিশেষত্ব: এই বছর প্রযুক্তির উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে, যার মধ্যে ড্রোন এবং উন্নত অস্ত্রের ব্যবহার অন্তর্ভুক্ত।
- প্রেক্ষাপট: এই অনুশীলন ২০১১ সালে শুরু হয়েছিল এবং এটি প্রতি বছর আয়োজিত হয়।

২. কমনওয়েলথ গেমস ২০৩০ (Commonwealth Games 2030)

২০৩০ সালের কমনওয়েলথ গেমসের আয়োজক দেশ হিসেবে ভারত নির্বাচিত হয়েছে।

- আয়োজক শহর: আহমেদাবাদ, গুজরাট।
- ইতিহাস: এটি ভারতে আয়োজিত হতে চলা দ্বিতীয় কমনওয়েলথ গেমস। এর আগে ২০১০ সালে নয়াদিল্লিতে এই গেমস অনুষ্ঠিত হয়েছিল।
- ২০২৬ কমনওয়েলথ গেমস: ২০২৬ সালে এই গেমস স্কটল্যান্ডের গ্লাসগোতে অনুষ্ঠিত হবে, যা হবে ২৩তম সংস্করণ।
- সংস্করণ: ২০৩০ সালে আহমেদাবাদে আয়োজিত গেমসটি হবে ২৪তম সংস্করণ।

৩. রাইথান্না মিকোসাম উদ্যোগ (Rythanna Mikosam Initiative)

অন্ধ্রপ্রদেশ সরকার কৃষকদের ক্ষমতায়নের জন্য 'রাইথান্না মিকোসাম' নামে একটি বিশেষ উদ্যোগ শুরু করেছে।

- রাজ্য: অন্ধ্রপ্রদেশ।
- সময়কাল: ২৪ থেকে ২৯ নভেম্বর পর্যন্ত।
- কার্যপদ্ধতি: সরকার ঘরে ঘরে গিয়ে (Door-to-door visit) কৃষকদের সরকারি প্রকল্প এবং নীতি সম্পর্কে সচেতন করবে।
- ৫-দফা ফর্মুলা (5 Point Formula):
 ১. জল সুরক্ষা (Water Security) নিশ্চিত করা।
 ২. চাহিদা-ভিত্তিক ফসল পরিকল্পনা (Demand Driven Crop Planning)।
 ৩. প্রাকৃতিক চাষে (Natural Farming) উৎসাহ প্রদান।

4. আধুনিক কৃষি প্রযুক্তির (Modern Agri-Technology) ব্যবহার।
5. ধারাবাহিক সরকারি সহায়তা (Sustained Government Support)□

৪. ওয়ার্ল্ড আরবানাইজেশন প্রসপেক্ট ২০২৫ (World Urbanization Prospect 2025)

জাতিসংঘের (UN) ডিপার্টমেন্ট অফ ইকোনমিক অ্যান্ড সোশ্যাল অ্যাফেয়ার্স দ্বারা প্রকাশিত রিপোর্ট অনুযায়ী, বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহরগুলির তালিকা প্রকাশ করা হয়েছে।

- শীর্ষ শহর: ইন্দোনেশিয়ার জাকার্তা (৪.১৯ কোটি জনসংখ্যা) টোকিওকে পিছনে ফেলে বিশ্বের সবচেয়ে ঘনবসতিপূর্ণ শহর হয়েছে।
- শীর্ষ ৪ শহর:
 1. জাকার্তা, ইন্দোনেশিয়া
 2. ঢাকা, বাংলাদেশ
 3. টোকিও, জাপান
 4. নয়াদিল্লি, ভারত
- ভারতের অবস্থান: নয়াদিল্লি চতুর্থ (৩.০২ কোটি) এবং কলকাতা নবম (২.২৫ কোটি) স্থানে রয়েছে।

৫. ওয়ার্ল্ড বক্সিং-এর নতুন সভাপতি

কাজাখস্তানের প্রাক্তন বক্সার গেন্নাদি গোলভকিন (Gennady Golovkin) ওয়ার্ল্ড বক্সিং-এর নতুন সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন।

- মেয়াদ: ৩ বছর।
- পূর্বসূরি: তিনি নেদারল্যান্ডসের বরিস ভ্যান ডার ভর্স্ট-এর স্থলাভিষিক্ত হয়েছেন।
- ওয়ার্ল্ড বক্সিং: এটি বক্সিং খেলার আন্তর্জাতিক নিয়ন্ত্রক সংস্থা, যার সদর দপ্তর সুইজারল্যান্ডের লুসানে অবস্থিত। এটি ২০২৩ সালে প্রতিষ্ঠিত হয় এবং এতে ১২৫টি জাতীয় ফেডারেশন অন্তর্ভুক্ত।

৬. উদ্ভিদের নতুন প্রজাতি: হোয়া ডাভোডিয়েনসিস (Hoya Davodiensis)

অরুণাচল প্রদেশে ‘হোয়া’ (Hoya) উদ্ভিদের একটি নতুন প্রজাতি আবিষ্কৃত হয়েছে, যার নাম রাখা হয়েছে ‘হোয়া ডাভোডিয়েনসিস’।

- স্থান: চাংলাং জেলা, অরুণাচল প্রদেশ (বিজয়নগর অঞ্চল)।
- বৈশিষ্ট্য:
 - এর ফুলগুলি তারার (Star) মতো দেখতে।
 - এর ফুল মোমের মতো দেখতে হওয়ায় একে ‘Wax Plant’-ও বলা হয়।
 - এটি একটি ক্লাইম্বিং প্ল্যান্ট (Climbing Plant), যা অন্য গাছের উপর ভর করে বেড়ে ওঠে।

৭. চাণক্য ডিফেন্স ডায়ালগ ২০২৫ (Chanakya Defence Dialogue 2025)

নয়াদিল্লিতে চাণক্য ডিফেন্স ডায়ালগের তৃতীয় সংস্করণ আয়োজিত হচ্ছে।

- আয়োজক: ভারতীয় সেনাবাহিনী (Indian Army) এবং সেন্টার ফর ল্যান্ড ওয়ারফেয়ার স্টাডিজ (CLAWS)□

- থিম: রিফর্ম টু ট্রান্সফর্ম: সশক্ত, সুরক্ষিত ও বিকশিত ভারত।
- উদ্দেশ্য: প্রতিরক্ষা ক্ষেত্রের চ্যালেঞ্জ, নিরাপত্তা ঝুঁকি এবং প্রযুক্তির উন্নতি নিয়ে আলোচনা করা।
- ইতিহাস: এই সংলাপ ২০২৩ সালে শুরু হয়েছিল।

৮. কনিষ্ঠতম ফিডে বিশ্বকাপ চ্যাম্পিয়ন

উজবেকিস্তানের জাভোখির সিনডারোভ (Javokhir Sindarov) বিশ্বের কনিষ্ঠতম ফিডে (FIDE) বিশ্বকাপ চ্যাম্পিয়ন হয়েছেন।

- বিজয়ী: জাভোখির সিনডারোভ (উজবেকিস্তান), বয়স ১৯ বছর।
- রানার-আপ: ওয়েই য়ি (Wei Yi), চীন।
- আয়োজন স্থল: গোয়া, ভারত (৩১ অক্টোবর থেকে ২৭ নভেম্বর পর্যন্ত)।
- গুরুত্ব: এই জয়ের ফলে তিনি ক্যাভিডেটস টুর্নামেন্টে খেলার যোগ্যতা অর্জন করেছেন, যা বিশ্ব দাবা চ্যাম্পিয়নকে চ্যালেঞ্জ করার একটি পথ।

৯. ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিসটেন্স (International IDEA)

ভারতের মুখ্য নির্বাচন কমিশনার জ্ঞানেশ কুমারকে ২০২৬ সালের জন্য 'ইন্টারন্যাশনাল ইনস্টিটিউট ফর ডেমোক্রেসি অ্যান্ড ইলেক্টোরাল অ্যাসিসটেন্স'-এর সভাপতি নিযুক্ত করা হয়েছে।

- সংস্থা পরিচিতি: এটি একটি আন্তঃসরকারি সংস্থা যা বিশ্বজুড়ে গণতন্ত্রকে উৎসাহিত করার জন্য কাজ করে।
- সদর দপ্তর: স্টকহোম, সুইডেন।
- প্রতিষ্ঠা: ১৯৯৫ সাল।

১০. রেয়ার আর্থ পার্মানেন্ট ম্যাগনেট স্কিম (Rare Earth Permanent Magnets Scheme)

কেন্দ্রীয় সরকার 'সিল্টার্ড রেয়ার আর্থ পার্মানেন্ট ম্যাগনেটস'-এর উৎপাদন বৃদ্ধির জন্য একটি নতুন প্রকল্প অনুমোদন করেছে।

- বাজেট: ৭,২৮০ কোটি টাকা।
- উদ্দেশ্য:
 - রেয়ার আর্থ পার্মানেন্ট ম্যাগনেটের দেশীয় উৎপাদন বৃদ্ধি এবং আমদানির উপর নির্ভরতা কমানো।
 - বৈদ্যুতিক যানবাহন, পুনর্বিকরণযোগ্য শক্তি এবং প্রতিরক্ষা ক্ষেত্রে এর ব্যবহার অত্যন্ত গুরুত্বপূর্ণ।
- মেয়াদ: ৭ বছর (প্রথম ২ বছর পরিকাঠামো তৈরির জন্য এবং পরবর্তী ৫ বছর উৎপাদন উৎসাহের জন্য)।
- লক্ষ্য: প্রতি বছর ৬,০০০ মেট্রিক টন উৎপাদন ক্ষমতা অর্জন করা।

পূর্ববর্তী দিনের রিভিশন (২৭ নভেম্বর)

1. ওয়ার্ল্ড বেস্ট সিটিজ ইনডেক্স ২০২৬: ভারতে সর্বোচ্চ র‍্যাঙ্ক পেয়েছে বেঙ্গালুরু।
2. লাচিত বরফুকন জয়ন্তী: আসামের বিপ্লবী লাচিত বরফুকনের ৪০৩তম জয়ন্তী পালিত হয়েছে।
3. ডেভিস কাপ ২০২৫: ইতালি বিজয়ী হয়েছে।
4. টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬ ব্র্যান্ড অ্যাম্বাসেডর: রোহিত শর্মা।
5. হেল্পলাইন ১৪৪৯০: জাতীয় মহিলা কমিশন (NCW) দ্বারা চালু করা হয়েছে।
6. সহ্যাদ্রি সিদ্ধুরা: এটি লাল চালের (Red Rice) একটি নতুন প্রজাতি।
7. আইএনএস মাহি (INS Mahe): একটি অ্যান্টি-সাবমেরিন ওয়ারফেয়ার ভেসেল।
8. কুমারী কমলা: ভারতনাট্যম নৃত্যশিল্পী, যিনি সম্প্রতি প্রয়াত হয়েছেন।
9. কোটিগাও এবং নেত্রাবলী বন্যপ্রাণী অভয়ারণ্য: গোয়ায় অবস্থিত।
10. উর্মিয়া হ্রদ: ইরানে অবস্থিত।